# School Certificate Examination 2017
# Bengali (New)
# Paper - I

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

১। **যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫×৪=২০

(ক) **সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো চারটি):**
যথোচিত, মন্বন্তর, হিতৈষী, তপোবন, বৃহস্পতি, সংগীত, খানিক, পিছমোড়া

(খ) **দুইটি করে উদাহরণ দাও (যে কোনো চারটি):**
মৌলিক শব্দ, তদ্ভব শব্দ, শব্দদ্বৈত, সাধিত ধাতু, যৌগিক ধাতু, সাধিত শব্দ, যোগরূঢ় শব্দ, নাম ধাতু

(গ) **প্রকৃতি প্রত্যয় নির্ণয় করো (যে কোনো চারটি):**
আদিত্য, পূজনীয়, সাহিত্যিক, বর্তমান, স্মরণীয়, দার্শনিক, প্রভুত্ব, কার্য

(ঘ) উপসর্গ যোগে চারটি পৃথক শব্দ গঠন করো:
উপ, দুর্, নির্, অব, ফি, হর, কু, হা

(ঙ) **নীচের শব্দগুলি বাংলা শব্দ ভাণ্ডারের কোন্ শ্রেণীর অন্তর্গত লেখো (যে কোনো চারটি):**
বর্ষা, কেষ্ট, শিক্ষক, সোনা, গির্জা, চন্দ্র, রিকশা, নেমন্তন্ন

(চ) **নির্দেশানুসারে বাক্য পরিবর্তন করো (যে কোনো চারটি):**
(i) তিনি দরিদ্র কিন্তু সৎ। (জটিল বাক্যে)
(ii) যদি চেষ্টা করো তবেই তোমার জয় হবে। (যৌগিক বাক্যে)
(iii) সদা সত্য কথা বলিবে। (নাস্ত্যর্থক বাক্যে)
(iv) তুমি ছাড়া একাজ আর কেউ করতে পারে না। (অস্ত্যর্থক বাক্যে)
(v) ভুল সকলেরই হয়। (প্রশ্নবোধক বাক্যে)
(vi) আমার কাছে আসতে বলছি। (অনুজ্ঞাবাচক বাক্যে)
(vii) আন্তরিক পরিশ্রম কি কখনও ব্যর্থ হয়? (নির্দেশাত্মক বাক্যে)
(viii) যদিও স্থানটি ভয়ংকর তবুও সুন্দর। (সরল বাক্যে)

(ছ) **গঠনগত দিক থেকে কোনটি কী ধরণের ধাতু নির্দেশ করো (যে কোনো চারটি):**
ঘুম পা, লতা, বকবকা, সাঁতার কাট্, পড়া, জ্বল্, পিষ্, দেখে চল্

২। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ৪×২=৮

(ক) 'হাত' **অথবা** 'বড়' শব্দ যোগে ভিন্নার্থক চারটি বাক্য রচনা করো (অর্থের উল্লেখ সহ)

(খ) **এক কথায় প্রকাশ করো (যে কোনো চারটি):**
উঁচু নীচু যে স্থান, যিনি আয় বুঝিয়া ব্যয় করেন, শুষ্ক পত্রাদির শব্দ, উপস্থিত বুদ্ধি আছে যার, যাকে শাসন করা দুঃসাধ্য, জলময় স্থান, ভগবান বিষ্ণুর চক্র, গোপন করিবার ইচ্ছা

(গ) প্রায় সমোচ্চারিত শব্দ যুগলের অর্থ পার্থক্য লেখো (যে কোনো দুই জোড়া)
কটি/কোটি, ধ্বনি/ধনী, দীপ/দ্বিপ, কীর্তি/কৃত্তি, অনু/অণু, আপন/আপণ, সুর/শূর, স্বত্ব/সত্ত্ব

৩।(ক) **ভাবসম্প্রসারণ করো:** ৭

হিংসা যেদিন যাইবে দুনিয়া ছাড়ি
সব তরবারি হইবে সেদিন
কাষ্ঠের তরবারি।

P.T.O.

**অথবা**

(খ) **সারসংক্ষেপ লেখো:** ৭

নীতি শিক্ষার প্রধান স্থান গৃহ। সহস্র প্রেমের সম্বন্ধ আমাদের চরিত্রগঠনে সহায়তা করে। আমরা যে, পিতা-মাতা জ্যেষ্ঠ ভ্রাতার উপদেশ অবহেলা করিনা, সে শুধু শাসনের ভয়ে নহে, ভালোবাসি বলিয়া। প্রেম আমাদের হৃদয়কে তাহাদের নিকট উন্মুক্ত রাখে। ঘরের মধ্যে আমরা আপনাকে সম্পূর্ণভাবে ধরা দিই, আমাদের কোনো অংশ ঢাকা থাকে না, যে উপদেশ, যে আলোক প্রেমের যে শিশির বিন্দুটুকু পাই, তাহা সমগ্র প্রকৃতি দিয়া গ্রহণ করি এবং একত্রে সমস্ত প্রকৃতি পরিস্ফুট হইতে থাকে। গৃহের মধ্যে যদি সেই সুখ-ভাব না থাকে, তবে আমাদের মনুষ্যত্বের সর্বাঙ্গীন পরিণতির ব্যাঘাত হয়। বড় গাছের আওতায় যেমন চারাগাছ বাড়িতে পারেনা, চারিদিকে বাধা পাইলে উদ্ভিদ যেমন বাঁকিয়া চুরিয়া খর্বাকৃতি হইয়া দাঁড়ায় আমাদেরও সেই দশা হয়।

৪। ‘গাছ কাটার বিরুদ্ধে এলাকাবাসীর প্রতিরোধ’ – এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। ৫

**অথবা**

পুকুর সংস্কারের আবেদন জানিয়ে গ্রাম পঞ্চায়েত প্রধানের নিকট একটি পত্র লেখো। [আবেদন পত্রে নিজের নাম উল্লেখ করা যাবে না। পরিবর্তে নামের ক্ষেত্রে স্বরবর্ণ ব্যবহার করতে হবে]

৫। **যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১×১০=১০

(ক) ‘মুখ বন্ধ ক’রে,
অক্লান্ত হাতে—
হে জননী,
আমরা ভালোবাসার কথা ব’লে যাব’—

উদ্ধৃতিটি কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত? মূল কাব্যগ্রন্থের নাম কী? কবিতাটি কোন্ পটভূমিতে রচিত? ‘আমরা’ বলতে কবি কী বুঝিয়েছেন? এই অংশটিতে মাতৃভূমির প্রতি কবির ভালোবাসার যে স্বরূপটি প্রকাশিত হয়েছে সেটি ব্যক্ত করো। ১+১+১+১+১+৫=১০

(খ) ‘শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস’— উদ্ধৃতিটি কোন্ কবির কোন্ কবিতায় ব্যবহৃত হয়েছে? উদ্ধৃতিটি কোন্ কবির কোন্ কবিতা থেকে গৃহীত? ‘ললিত’ শব্দের অর্থ কী? মূল কবিতার ভাবপ্রকাশের ক্ষেত্রে এই পংক্তিটি উদ্ধারের প্রাসঙ্গিকতা আলোচনা করো। ১+১+১+১+১+৫=১০

(গ) ‘আবার আসিব ফিরে’ কবিতায় উল্লিখিত দুটি পাখী, দুটি নদীর নামোল্লেখ করো। আলোচ্য কবিতায় ব্যবহৃত ‘সুদর্শন’ শব্দের অর্থ কী? কবির চোখে গ্রাম বাংলার যে রূপটি ধরা পড়েছে সেটি তোমার ভাষায় সংক্ষেপে বিবৃত করো। ২+২+১+৫=১০

৬। **যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ৫

(ক) বালক রবীন্দ্রনাথ কবি বিহারীলাল চক্রবর্তীর কবিতা প্রথম কোথায় পড়েছিলেন?

(খ) ‘কুমারসম্ভব কাব্য’ বালক রবিকে কে পড়াতেন?

(গ) শূন্যস্থান পূরণ করো:
‘______যেন একটা রূপকের অপরূপ রাজপ্রাসাদ।’

(ঘ) অক্ষয়চন্দ্র চৌধুরী রচিত কাব্যগ্রন্থটির নাম করো।

(ঙ) ‘burlesque’ কথাটির অর্থ লেখো।

(চ) গণেন্দ্রনাথ ঠাকুর রবীন্দ্রনাথের কে ছিলেন?

(ছ) অক্ষয়বাবুর কাছে রবীন্দ্রনাথ কোন্ ইংরাজ কবির কথা শুনেছিলেন?

(জ) জ্যোতিদাদার উদ্যোগে স্বাদেশিকের যে সভাটি গঠিত হয়েছিল তার সভাপতি কে ছিলেন?

৭। যে কোনো **একটি** বিষয়ে টীকা লেখো: ৫
জ্যোতিদাদা, হিন্দুমেলা, রবীন্দ্রনাথের বালককালে পঠিত পত্রিকা।

৮। যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ২০

(ক) একটি ছুটির দিন

(খ) বইমেলা

(গ) বাঙালির উৎসব – সংকেত সূত্র (ভূমিকা – উৎসবের নানা রূপ – ধর্মীয় উৎসব – সামাজিক ও ঋতু উৎসব – উপসংহার।)

(ঘ) জনসাধারণের মধ্যে বিজ্ঞান চেতনার প্রসার – সংকেত সূত্র (ভূমিকা – জীবনে নানা ধরণের অসুখ: বিজ্ঞান চেতনার অভাব – ভয় ও কুসংস্কার থেকে রেহাই পেতে বিজ্ঞান নির্ভরতা – বৈজ্ঞানিক আবিষ্কার – উপসংহার)